

ঢাকা, ১১ সেপ্টেম্বর :


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, গত অর্থবছরে স্বাস্থ্যখাতের বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৯০ শতাংশ কাজ স্বচ্ছতার সাথে সফলভাবে বাস্তবায়ন হয়েছে। বর্তমান অর্থবছরে শতভাগ কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের নির্দেশ দেন স্বাস্থ্যমন্ত্রী।

আজ রাজধানীর মহাখালীতে স্বাস্থ্য অধিদপ্তরের সম্মেলন কেন্দ্রে বার্ষিক উন্নয়ন কর্মসূচির অগ্রগতি পর্যালোচনা সভায় সভাপতিত্বকালে তিনি একথা বলেন।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, জনগণের দোরগোড়ায় বিশ্বমানের আধুনিক স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে সরকার গত ১০ বছর যাবত নিরলসভাবে কাজ করেছে। যার সুফল আজ দেশের দরিদ্র সাধারণ মানুষ পাচ্ছে। গত কয়েক বছরে দেশে বেশ কয়েকটি বিশ্বমানের বিশেষায়িত হাসপাতাল নির্মিত হয়েছে। জেলা পর্যায়ের হাসপাতালগুলোতে আইসিইউ চালুসহ হৃদরোগ, কিডনী চিকিৎসার আধুনিক ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক আগ্রহ ও নির্দেশনায় রাজধানীতে নির্মিত হয়েছে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট। প্রধানমন্ত্রী আগামী ২০ অক্টোবর এশিয়ার বৃহত্তম এই বার্ন হাসপাতাল উদ্বোধন করবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া রাজধানীর নিটোর এর সম্প্রসারণ প্রকল্প প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন ১৮ অক্টোবর। গোপালগঞ্জে নির্মিত ইডিসিএল এর তৃতীয় ঔষধ উৎপাদন কারখানাও আগামী ৬ অক্টোবর প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন।

মন্ত্রী বলেন, সরকার এ বছর নতুন পাঁচটি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তি করতে যাচ্ছে। ১০ বছর পর সরকারি কলেজে ৭০০ আসন নতুন যোগ করা হয়েছে। চিকিৎসা শিক্ষার মানোন্নয়নে সরকার সর্বোচ্চ কঠোরতা অবলম্বন করছে।

সভায় অন্যান্যের মাঝে স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মোঃ সিরাজুল হক খান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব জিএম সালেহ উদ্দিন, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদসহ মন্ত্রণালয় ও অধিদপ্তরের উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



পরীক্ষিত চৌধুরী

তথ্য কর্মকর্তা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

ফোন : ৯৫৪ ০২ ২৪ (অ)

০১৫৫২-৩২০৩২৮

1parcho@gmail.com